



নং- ২০.০৬.০০০০.০০০.৬১৮.২০.০০৩০-১১৭

তারিখঃ ২৬ আশ্বিন ১৪৩৩
১১ অক্টোবর ২০২৬

বিষয়ঃ ২০২৬-২৭ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) 'র অননুমোদিত নতুন প্রকল্পের তালিকায় অন্তর্ভুক্তির জন্য প্রকল্প প্রস্তাব প্রণয়ন ও প্রেরণ সংক্রান্ত নীতিমালা

বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) সরকারি বিনিয়োগ ব্যবস্থাপনার অন্যতম হাতিয়ার। সরকারের উন্নয়ন পরিকল্পনা ও জাতীয় অগ্রাধিকারের বাস্তবায়ন এবং আর্থ-সামাজিক লক্ষ্যমাত্রা অর্জনে এডিপি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। অন্তর্ভুক্তিমূলক, বৈষম্যহীন ও জনকল্যাণমুখী উন্নয়ন নিশ্চিত করার মাধ্যমে দেশের সামগ্রিক আর্থ-সামাজিক অগ্রযাত্রাকে আরও গতিশীল করার ক্ষেত্রে এটি অন্যতম গুরুত্বপূর্ণ দলিল।

অর্থবছরের মধ্যবর্তী সময়ে চলমান প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি, সরকারের উন্নয়ন অগ্রাধিকার, সম্পদের প্রাপ্যতা এবং তা যথাযথ ব্যবহারের ক্ষেত্রে বিবেচনায় এডিপি সংশোধন করে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) প্রণয়ন করা হয়। আরএডিপিতে সরকারি অর্থের কার্যকর ব্যবহার নিশ্চিত করার উদ্দেশ্যে প্রকল্পভিত্তিক বাস্তবায়ন সক্ষমতা পর্যালোচনাপূর্বক অর্থবছরের অবশিষ্ট সময়ের জন্য বরাদ্দ পুনর্নির্ধারণ করা হয়।

চলমান প্রকল্পের বরাদ্দ পুনর্নির্ধারণের পাশাপাশি এডিপি'তে অন্তর্ভুক্ত অননুমোদিত নতুন প্রকল্পের তালিকাও হালনাগাদ করে নতুন একটি তালিকা আরএডিপিতে অন্তর্ভুক্ত করা হয়। নতুন প্রকল্প অন্তর্ভুক্তির ক্ষেত্রে প্রকল্পের যৌক্তিকতা, সরকারের উন্নয়ন অগ্রাধিকার, সম্ভাব্য অর্থায়ন, বাস্তবায়নযোগ্যতা, প্রস্তাবিত ব্যয় ও সময়কাল, প্রকল্পের প্রভুতির পর্যায় এবং সংশ্লিষ্ট খাতে বিদ্যমান প্রকল্পসমূহের সঙ্গে এর সামঞ্জস্য বিস্তারিতভাবে পর্যালোচনা করা হয়।

বর্তমান সরকারের অন্যতম লক্ষ্য হলো একটি টেকসই ও জনবান্ধব অর্থনীতি গড়ে তোলা। এ লক্ষ্যে সরকার তার নির্বাচনী ইশতেহারে উল্লিখিত সংস্কার, জবাবদিহিতা ও প্রাতিষ্ঠানিক উন্নয়নের প্রতিশ্রুতি বাস্তবায়নে একটি সময়াবদ্ধ Five Year Strategic Framework প্রণয়ন করেছে। পাশাপাশি ২০২৬-২৭ অর্থবছরের এডিপিতে অন্তর্ভুক্ত চলমান প্রকল্প এবং সবুজ পাতায় অন্তর্ভুক্ত অননুমোদিত নতুন প্রকল্পসমূহ Rescoping এবং Repurposing এর মাধ্যমে বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার এবং উন্নয়ন পরিকল্পনার সাথে সামঞ্জস্যপূর্ণ করা হচ্ছে।

উপর্যুক্ত বিষয়সমূহ বিবেচনায় নিয়ে ২০২৬-২৭ অর্থবছরের এডিপি'তে অন্তর্ভুক্ত অননুমোদিত প্রকল্পের তালিকা বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার ও উন্নয়ন পরিকল্পনার সাথে সামঞ্জস্যপূর্ণ করে হালনাগাদ তালিকা আরএডিপিতে অন্তর্ভুক্তির উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ উদ্দেশ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ ও বাস্তবায়নকারী সংস্থাসমূহের নিকট হতে প্রকল্পভিত্তিক হালনাগাদ তথ্য ও প্রস্তাব সংগ্রহ, যাচাই-বাছাই এবং প্রয়োজনীয় সমন্বয়ের মাধ্যমে একটি সুসংগঠিত আরএডিপি প্রণয়নের লক্ষ্যে এই নীতিমালা প্রকাশ করা হলো।

২। নতুন প্রকল্প প্রস্তাব আরএডিপি'তে অননুমোদিত প্রকল্প তালিকায় (সবুজ পাতায়) অন্তর্ভুক্তির ক্ষেত্রে অনুসরণীয় নির্দেশাবলি:

২.১ প্রস্তাবিত প্রকল্প আবশ্যিকভাবে বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহারে বর্ণিত আর্থ-সামাজিক উন্নয়ন ও টেকসই রাষ্ট্রীয় সক্ষমতা অর্জন, অর্থনীতির পুনর্গঠন ও পুনরুদ্ধার, অঞ্চলভিত্তিক সুশ্রম উন্নয়ন এবং ধর্ম, সমাজ, ক্রীড়া, সংস্কৃতি ও সংহতি এর সাথে তথ্য পরিকল্পনা কমিশন কর্তৃক প্রণীত Five Year Strategic Framework এর সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে।

২.২ বাস্তবায়নকারী সংস্থা থেকে প্রাপ্ত প্রকল্পসমূহকে মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রথমে যৌক্তিক সংখ্যক কর্মসূচিতে (Program) বিভক্ত করতে হবে। অতঃপর সংশ্লিষ্ট কর্মসূচির আওতায় প্রকল্পসমূহকে গুচ্ছাকারে সাজিয়ে প্রেরণ করতে হবে।

২.৩ দেশের সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতা পুনরুদ্ধার/দৃঢ়ীকরণ ও আর্থ-সামাজিক উন্নয়নের গতি বেগবান করার লক্ষ্যে গৃহীত কার্যক্রমকে নতুন প্রকল্পের ক্ষেত্রে উৎসাহিত করতে হবে;

২.৪ কর্মসংস্থান সৃষ্টি ও অর্থনৈতিক গণতন্ত্রায়ন, সরকারি বিনিয়োগের ওপর রিটার্ন বৃদ্ধি, বিনিয়োগের যথাযথ মূল্য নিশ্চিতকরণ এবং সৃষ্টিশীল শিল্পকে সহায়তা প্রদান সম্পর্কিত প্রকল্পকে অগ্রাধিকার দিতে হবে;

[Signature]

২.৫ দারিদ্র্য হ্রাস ও সামাজিক সুরক্ষা, কৃষি ও খাদ্য নিরাপত্তা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি এবং চতুর্থ শিল্প বিপ্লব সংক্রান্ত উন্নয়ন, নবায়নযোগ্য জ্বালানীর ব্যবহার বৃদ্ধি, মানবসম্পদ উন্নয়ন, নদী ভাঙ্গন ও জলাবদ্ধতা রোধ, খাল খনন, জিডিপি ও অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধি অর্জন, নারীর ক্ষমতায়ন, জলবায়ু পরিবর্তন মোকাবিলা, সুশাসন প্রতিষ্ঠা, প্রাতিষ্ঠানিক সংস্কার এবং সুনীল অর্থনীতিকে বিবেচনায় নিয়ে নতুন প্রকল্প প্রস্তাব প্রেরণ করতে হবে;

২.৬ সরকারের অগ্রাধিকার প্রকল্প অন্তর্ভুক্ত করার জন্য সরকারের কৌশলগত লক্ষ্য ও উদ্দেশ্যসমূহের আলোকে অগ্রাধিকার ঠিক করে প্রয়োজনে অন্যান্য কম গুরুত্বপূর্ণ প্রকল্প বাদ দিতে হবে;

২.৭ নতুন প্রকল্প প্রস্তাবের ক্ষেত্রে চলমান Rescoping এবং Repurposing সংক্রান্ত নির্দেশনাসমূহ বিবেচনায় নিতে হবে;

২.৮ বৈদেশিক ঋণ/অনুদান চুক্তি সম্পাদিত হয়েছে বা নিশ্চিত অঙ্গীকার রয়েছে এমন প্রকল্প আরএডিপি'তে অন্তর্ভুক্তির ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করতে হবে;

২.৯ পঞ্চাশ কোটি টাকার উর্ধ্বে প্রাক্কলিত ব্যয় সম্পন্ন বিনিয়োগ প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন না হলে প্রস্তাব প্রেরণ/সুপারিশ করা যাবে না। এছাড়া, প্রকল্পের কাজের পরিধি/গুরুত্ব বিবেচনায় পঞ্চাশ কোটি টাকার নিম্নের প্রকল্পের ক্ষেত্রেও সম্ভাব্যতা সমীক্ষা সম্পাদন করতে হবে;

২.১০ একই সংস্থার আওতায় বাস্তবায়িতব্য একই উদ্দেশ্য/প্রকৃতির একাধিক ক্ষুদ্র প্রকল্প পৃথকভাবে প্রস্তাব না করে একত্রে একটি প্রকল্পের আওতায় প্রস্তাব করতে হবে;

২.১১ মধ্যমেয়াদি বাজেট কাঠামোয় (MTBF) নির্ধারিত প্রাক্কলন/প্রক্ষেপণ ও চলমান প্রকল্পের দায় বিবেচনায় প্রকল্পটিতে কিভাবে অর্থায়ন করা হবে তা মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে (AMS-এর মন্তব্য বসে);

২.১২ যে সকল প্রকল্পের অনুমোদন প্রক্রিয়াকরণ অগ্রসর পর্যায়ে রয়েছে (যেমন- অনুমোদনের জন্য উপস্থাপিত, পিইসি/এসপিইসি/ডিপিইসি/ডিএসপিইসি সভায় সুপারিশকৃত, পরিকল্পনা কমিশন পর্যায়ে প্রক্রিয়াধীন) এমন প্রকল্পসমূহ যাচাই বাছাই করে বর্তমান সরকারের উন্নয়ন দর্শনের সাথে সামঞ্জস্যপূর্ণ প্রকল্পসমূহকে অগ্রাধিকার দিতে হবে।

২.১৩ কোন প্রকল্প বাস্তবায়নের জন্য জমি অধিগ্রহণের প্রয়োজন থাকলে তার কলেবর বিবেচনায় অধিগ্রহণের জন্য আলাদা প্রকল্প গ্রহণ করতে হবে;

২.১৪ পরিচালন বাজেট হতে সম্পাদনযোগ্য Operational কাজের জন্য প্রকল্প প্রস্তাব প্রেরণ পরিহার করতে হবে। এছাড়া, বেসরকারি উদ্যোগে বাস্তবায়ন করার সম্ভাবনা রয়েছে এমন প্রকল্প আরএডিপি'তে অন্তর্ভুক্তির প্রস্তাব পরিহার করতে হবে;

২.১৫ পরিকল্পনা বিভাগ কর্তৃক জারিকৃত Green Climate Resilient Development (GCRD) গাইডলাইন যথাযথভাবে অনুসরণ করতে হবে। National Adaptation Plan (NAP) এবং Nationally Determined Contribution (NDC) এর আলোকে গৃহীত প্রকল্পসমূহকে অগ্রাধিকার দিতে হবে। “বাংলাদেশ ডেল্টা প্ল্যান ২১০০”-এ চিহ্নিত প্রকল্পসমূহ প্রস্তাবিত তালিকায় অন্তর্ভুক্ত করতে হবে এবং Delta Appraisal Framework (DAF) অনুসরণ করে এ সকল প্রকল্প বাস্তবায়নকে গুরুত্ব দিতে হবে;

২.১৬ জলবায়ু পরিবর্তনের সাথে অভিযোজনের নিমিত্ত প্রস্তাবিত প্রকল্প বাস্তবায়নের জন্য বৈশ্বিক ও জাতীয় তহবিল হতে অর্থায়ন (Green Climate Fund, Adaptation Fund ইত্যাদি) প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করতে হবে। আরএডিপিতে এ ধরনের প্রকল্প প্রস্তাব করা হলে Bangladesh Climate Change Trust Fund (BCCTF) এর আওতায় গৃহীত প্রকল্পসমূহের সাথে দ্বৈততা পরিহার করতে হবে;

২.১৭ যে সকল প্রকল্প প্রতিবেশগত সংকটাপন্ন এলাকায় বাস্তবায়ন হবে সে সকল প্রকল্পের জন্য পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ এবং প্রতিবেশগত সংকটাপন্ন এলাকা ব্যবস্থাপনা বিধিমালা, ২০১৬ যথাযথভাবে অনুসরণ করতে হবে। এছাড়া, প্রাসঙ্গিক সকল প্রকল্পের ক্ষেত্রে সম্ভাব্য পরিবেশগত প্রভাব বিবেচনায় নিয়ে প্রকল্প প্রস্তাব করতে হবে;

২.১৮ Sustainable Development Goals (SDGs) এর লক্ষ্যমাত্রাসমূহ অর্জনকে অগ্রাধিকার প্রদান করে অননুমোদিত নতুন প্রকল্প আরএডিপি'তে অন্তর্ভুক্তির প্রস্তাব করতে হবে;

২.১৯ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের এলোকেশন অব বিজনেস এর সাথে সামঞ্জস্যপূর্ণ না হলে প্রস্তাব প্রেরণ/সুপারিশ করা যাবে না;

২.২০ ২০২৬-২৭ অর্থবছরের এডিপি'তে বরাদ্দবিহীনভাবে অন্তর্ভুক্ত অননুমোদিত নতুন প্রকল্পসমূহ আরএডিপি'তে অন্তর্ভুক্তির জন্য নতুনভাবে প্রস্তাব প্রেরণ করতে হবে;

২.২১ মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে সিনিয়র সচিব/সচিবের সভাপতিত্বে গঠিত প্রকল্প যাচাই কমিটির সুপারিশ গ্রহণপূর্বক মন্ত্রণালয়ের মন্ত্রীর অনুমোদনক্রমে প্রস্তাবিত প্রকল্পের তালিকা পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে। এ দু'টি বিষয়ের উল্লেখসহ মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র AMS সফটওয়্যারে আপলোড করতে হবে। যাচাই সভায় সুপারিশপ্রাপ্ত না হলে প্রস্তাব প্রেরণ করা যাবে না;

২.২২ পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর বিভাগ মন্ত্রণালয় থেকে প্রাপ্ত প্রস্তাবসমূহ পর্যালোচনা করে সুপারিশ করা বা না করা বিষয়ে সুস্পষ্ট মতামতসহ সকল প্রকল্প আন্তঃমন্ত্রণালয় প্রোগ্রামিং কমিটির সভায় উপস্থাপনের নিমিত্ত কার্যক্রম বিভাগ বরাবর প্রেরণ করবে;

২.২৩ সকল প্রস্তাব আবশ্যিকভাবে ADP/RADP Management System-AMS (<https://adp.plancomm.gov.bd>) এর মাধ্যমে প্রেরণ করতে হবে; এবং

২.২৪ অননুমোদিত প্রকল্পের অনুমোদন প্রক্রিয়াকরণের জন্য Project Processing System (PPS) সফটওয়্যার ব্যবহার করতে হবে। এক্ষেত্রে PPS সফটওয়্যারের মাধ্যমে প্রকল্প প্রক্রিয়াকরণকালে AMS-এ অন্তর্ভুক্ত অননুমোদিত নতুন প্রকল্প তালিকা থেকে নতুন প্রকল্পের তথ্য PPS-এ গ্রহণ করতে হবে।

০৩। ২০২৬-২৭ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) প্রণয়নের লক্ষ্যে অনুসৃতব্য সময়সূচি:

২০২৬-২৭ অর্থবছরের আরএডিপি নীতিমালা জারির পর হতে AMS এর মাধ্যমে আরএডিপি প্রক্রিয়াকরণের যাবতীয় কার্যক্রম শুরু হবে এবং নিম্নবর্ণিত ছকে উল্লিখিত তারিখে সংশ্লিষ্ট পর্যায়ে কার্যক্রম আবশ্যিকভাবে সমাপ্ত করতে হবেঃ

ক্র. নং	বিবরণ	AMS এ তথ্য প্রেরণের সর্বশেষ তারিখ
১.	প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক নতুন প্রকল্প প্রস্তাব (জিওবি, বৈদেশিক অর্থায়নপুঁজি এবং নিজস্ব অর্থায়ন) আবশ্যিকভাবে AMS এর মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ	২৮/১০/২০২৬
২.	মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক নতুন প্রকল্প প্রস্তাব উন্নয়ন অগ্রাধিকার ও লক্ষ্যমাত্রার নিরিখে যাচাই-বাছাই করে প্রয়োজনীয় পরিবর্তন/সংশোধনপূর্বক মতামতসহ AMS এর মাধ্যমে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর বিভাগে প্রেরণ	০৫/১১/২০২৬
৩.	পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর বিভাগ নতুন প্রকল্প প্রস্তাব পরীক্ষা-নিরীক্ষা করে সুপারিশ করা বা না করা বিষয়ে সুস্পষ্ট মতামতসহ AMS এর মাধ্যমে কার্যক্রম বিভাগে প্রেরণ	১২/১১/২০২৬

০৪। উপর্যুক্ত নির্দেশনা এবং বর্ণিত সময়সূচি অনুযায়ী ২০২৬-২৭ অর্থবছরের আরএডিপিতে অন্তর্ভুক্তির নিমিত্ত অননুমোদিত নতুন প্রকল্পের প্রস্তাব নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-

(এস এম শাকিল আখতার)

সদস্য (সচিব)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
৩. সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৪. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৬. সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৯. সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেল ভবন, আবদুল গণি রোড, ঢাকা।
১০. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
১৪. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৫. সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. সচিব, সেতু বিভাগ, সেতু ভবন, মহাখালী, ঢাকা।
১৭. সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮. পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১৯. সচিব, শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, মতিঝিল, ঢাকা।
২০. সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১. সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
২২. সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
২৩. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৪. সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৫. সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৬. সচিব, আইন ও বিচার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৭. সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৮. সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
২৯. সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩০. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩১. সচিব, দুর্নীতি দমন কমিশন, সেগুনবাগিচা, ঢাকা।
৩২. সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৩. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৪. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৫. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৬. সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৭. সচিব, মৎস্য ও প্রাণী সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৮. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৯. সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪০. সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ইস্কাটন, ঢাকা।
৪১. সচিব, জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৪২. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সরকারি পরিবহন পুল, বাংলাদেশ সচিবালয় লিংক রোড, ঢাকা।
৪৩. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৪. সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৫. সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৬. সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৭. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৮. সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৪৯. সচিব, সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
৫০. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫১. সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫২. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫৩. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫৪. সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫৫. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫৬. সচিব (ভারপ্রাপ্ত), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫৭. সচিব (ভারপ্রাপ্ত), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫৮. সচিব (ভারপ্রাপ্ত), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং- ২০.০৬.০০০০.০০০.৬১৮.২০.০০৩০.২৬-১১৭/১

তারিখঃ ২৬ আশ্বিন ১৪৩৩
১১ অক্টোবর ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. সদস্য (সিনিয়র সচিব), আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ, বাংলাদেশ পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা
২. সদস্য (সিনিয়র সচিব), ভৌত অবকাঠামো বিভাগ, বাংলাদেশ পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা
৩. সদস্য, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা
৪. সদস্য, শিল্প ও শক্তি বিভাগ, বাংলাদেশ পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা
৫. সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, বাংলাদেশ পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা

Qw

৬. প্রধান (সকল), বাংলাদেশ পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা
৭. অতিরিক্ত সচিব/যুগ্ম-প্রধান (সকল), বাংলাদেশ পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৮. পরিকল্পনা মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৯. পরিকল্পনা প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা (প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১০. সদস্য (সচিব) এর একান্ত সচিব, কার্যক্রম বিভাগ, বাংলাদেশ পরিকল্পনা কমিশন, ঢাকা।
১১. সিনিয়র সিস্টেম এনালিস্ট, পরিকল্পনা বিভাগ, ঢাকা (নীতিমালাটি পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।

(এ, কে, এম, আব্দুল্লাহ ফারুক)

উপপ্রধান

ফোন: ৪৮১২১০৩৩